মেহেরপুরে বিসিডিএসের আহবায়ক কমিটির কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্ট সমিতি মেহেরপুর জেলা শাখার আহবায়ক কমিটির প্রথম কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২ অক্টোবর) দুপুরের দিকে লাইফ কেয়ার ডি ল্যাবের অফিস কক্ষে এ কার্যনির্বাহী সভা অনুষ্ঠিত হয়।

কার্যনির্বাহী সভায় আহবায়ক রিনুর সভাপতিত্বে আলোচ্য বিষয় তুলে ধরা হয়, সাবেক কমিটির কাছ থেকে হিসাব বিবরণী নেওয়া, মেহেরপুর জেলার তিন উপজেলায় নতুন করে আহবায়ক কমিটি গঠন করা, মেহেরপুর জেলার ওষুধ ব্যবসায়ীগণের কোন সমস্যা থাকলে আহবায়ক রিনুর সাথে মোবাইলে (০১৭১১-৩১২২৩৫) যোগাযোগ করে অবগত করা, হালনাগাদ ভোটার তালিকা করা।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্ট সমিতি কার্যনির্বাহী সদস্য কাজী খয়রুদ্দিন আহমেদ, ইসমাইল হোসেন, ইমন বিশ্বাস, বেনজীর আহমেদ ও সাইফুল ইসলাম।

মুজিবনগর উপজেলা কৃষক দলের আহবায়ক কমিটি গঠন

আরমান আলী কে আহবায়ক ও কুন্নত আলীকে যে সদস্য সচিব করে মুজিবনগর উপজেলা কৃষকদলের ৫১ সদস্য বিশিষ্ঠ আহবায়ক কমিটির অনুমোদন দিয়েছে জেলা কৃষকদলের আহবায়ক মাহবুবুর রহমান ও সদস্য সচিব মিজানুর রহমান।

গত ১৪ ই অক্টোবর মেহেরপুর বোসপাড়াস্থ জেলা কৃষক দলের কার্যালয়ে মুজিবনগর উপজেলা কৃষক দলকে সংগঠিত করার জন্য ৫১ সদস্য বিশিষ্ঠ এই

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন

সনাতনী সম্প্রদায়ের (হিন্দু) মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় পুঁজা উদযাপন পরিষদ।

বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি শ্রী জেএল ভৌমিক ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার ১১ সদস্যের এই আহবায়ক কমিটির অনুমোদন দেন।

কমিটির আহবায়ক অভিজিৎ বোস মানা, যুগ্ম আহবায়ক শ্রী সুকুমার কর্মকার ও শ্রী গুরুপদ হালদার এবং সদস্য সচীব অশোক চন্দ্র বিশ্বাস। এছাড়া কার্যকরী সদস্য কার্তিক সাহা, সুব্রত সাহা বাপ্পা, অনন্ত হালদার, প্রদীপ কুমার পাল, মহাদেব দাস, শাধন কুমার দাস ও মনোরঞ্জন হালদার।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ সনাতনী সম্প্রদায়ের সকল অধিকার আদায়ে তৃনমূলের জেলা, উপজেলা এবং ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি গুলোকে গনতান্ত্রিক পদ্ধতিতে, গঠনতন্ত্র মোতাবেক স্বচ্ছতার ভিত্তিতে গঠন করার নির্দেশনা দিয়েছে।